

নির্ধারিত প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ৩২২৬	তারিখ :- ২০১৪/১২/২২	প্রাপককারী :-	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:
			N

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.১৪.০০৩.২২.১১০৭

তারিখ: ২৭ কার্তিক ১৪২৯

১২ নভেম্বর ২০২২

বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরে স্মৃতিসৌধ নির্মাণ কাজের ১ম কিস্তির বিল পরিশোধের জন্য অর্থ বরাদ্দ।

সূত্র: উপসচিব ও প্রকল্প পরিচালক (অঃদাঃ) এর স্মারক নং-০৮ তারিখ-০৪/১০/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য মোট ৩০০.০০ লক্ষ (তিন কোটি) টাকা নিম্ন বর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো।

(টাকা লক্ষ টাকায়)

ক্রমিক	উপ-কোড/ব্যয়ের খাত	টাকা	গণপূর্ত বিভাগ
০১	৪১১১৩০১-নির্মাণ (স্মৃতিসৌধ)	৩০০.০০ লক্ষ	ব্রাহ্মণবাড়িয়া গণপূর্ত বিভাগ
	মোট=	৩০০.০০ লক্ষ	

সূত্রস্থ স্মারকের মাধ্যমে উপসচিব ও প্রকল্প পরিচালক (অঃদাঃ), মুক্তিযুদ্ধকালে মিত্রবাহিনীর শহীদ সদস্যদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ প্রকল্প, পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক টাকা কর্তৃক মঞ্জুরিকৃত ৩০০.০০ লক্ষ টাকা চলতি বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৫৭-প্রকল্পের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় (প্রকল্প কোড-২২৪১৩৪১০০, মুক্তিযুদ্ধকালে মিত্রবাহিনীর শহীদ সদস্যদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ প্রকল্প খাতের ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

শর্তসমূহঃ

- প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
- বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরের/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথা সময়ের মধ্যে এ দপ্তরের নিকট সমর্পণ করতে হবে।
- পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তি সাপেক্ষে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।
- মঞ্জুরীকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে খাত ভিত্তিক কাজের অগ্রগতি ও বিল ভাউচারের অনুলিপি মুক্তিযুদ্ধকালে মিত্রবাহিনীর শহীদ সদস্যদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক এর কার্যালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- অব্যয়িত অর্থ ৩০ শে জুন/২০২৩ ইং তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।

১৫/০১/২০২২

১২-১১-২০২২

মোঃ সাখাওয়াৎ হোসেন